

## কি সেবা কিভাবে পাবেন

ক্রমিক নং	বিষয়	বিবরণ
০১	স্বাস্থ্য সেবা	(ক) এই এলাকার আওতাধীন শ্রমিক ও তাদের পরিবার সদস্যরা সরাসরি শ্রম কল্যাণ কেন্দ্রে এসে চিকিৎসা সেবা এবং চিকিৎসা ব্যবস্থাপত্র অনুযায়ী ফ্রি ঔষধ নিতে পারবেন। (খ) “শ্রমিকের স্বাস্থ্য কথা” অ্যাপস এর মাধ্যমে কল করে চিকিৎসা সেবা নিতে পারেন।
০২	পরিবার পরিকল্পনা সেবা	সরাসরি শ্রম কল্যাণ কেন্দ্রে শ্রমিক ও তাদের পরিবার সদস্যরা এসে বিনামূল্যে জন্মনিয়ন্ত্রণ সামগ্রী ও বিভিন্ন বিষয়ে পরামর্শ নিতে পারবেন।
০৩	বিনোদন সেবা	শ্রমিকরা সরাসরি শ্রম কল্যাণ কেন্দ্রে এসে লাইব্রেরিতে বই, সাময়িকী, পত্রিকা পড়তে পারেন। এছাড়াও কেন্দ্রের কেরাম, লুডু, দাবা ব্যাডমিন্টন, প্রভৃতি খেলার সরঞ্জামাদি দিয়ে খেলতে পারেন
০৪	প্রশিক্ষণ সেবা	শিল্প-কারখানায় কর্মরত শ্রমিক/ কর্মচারীদের জন্য ১দিন/৫দিন মেয়াদী প্রশিক্ষণের আয়োজন করা হয়। ৫ দিন মেয়াদী প্রশিক্ষণের জন্য প্রশিক্ষণার্থীদের দৈনিক ৩০০/ (তিনশত) টাকা হারে প্রশিক্ষণ সামগ্রীসহ, ভাতা ও সনদ পত্র প্রদান করা হয়।
০৫	গণশুনানী	শিল্প-কারখানায় কর্মরত শ্রমিক ও শ্রমিক পরিবারের সদস্যদের কোন অভিযোগ থাকিলে গণশুনানীর মাধ্যমে তা সুষ্ঠু সমাধানের জন্য ব্যবস্থা গ্রহণ করা হয়। প্রতি মাসে মঙ্গলবার গণশুনানী অনুষ্ঠিত হয়।